হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 10 APRIL 2026 ,FRIDAY | ১০ এপ্রিল ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-129

কবিতা/গল্প প্রকাশ




নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

## এবার রাজ্যে পরিবর্তন হবে ,আলিপুরদুয়ারে বার্তা মিঠুনের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ এপ্রিল :** আলিপুরদুয়ার জেলার মেচবিলে নির্বাচনী জনসভায় ভাষণ দিলেন মিঠুন চক্রবর্তী। বিধানসভা ভোটের নির্বাচনী প্রচারে বিজেপি প্রার্থীদের পাশে বসিয়ে ভাষণ দিলেন মিঠুন চক্রবর্তী । তিনি ভাষণ দিতে গিয়ে সমর্থকদের উদ্দেশ্যে বললেন এবার রাজ্যে পরিবর্তন হবে। আর যদি পরিবর্তন না করতে পারেন তাহলে এটা দুর্ভাগ্য। এদিন বিজেপির জেলা সভাপতি থেকে শুরু করে বিজেপির প্রার্থী সহ অন্যান্য নেতৃত্বরা মঞ্চে ছিলেন। তবে সিনেমার বেশ কিছু ডায়লগ দিতেও তিনি দ্বিধাবোধ করেননি মঞ্চে দাঁড়িয়ে বিজেপি সমর্থকদের উদ্দেশ্যে।

## বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে মনোনয়নপত্র জমা দিলেন বাবান ঘোষ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,পূর্ব বর্ধমান ,৯ এপ্রিল :** বৃহস্পতিবার বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে কালনায় মনোনয়নপত্র জমা দিলেন "আম জনতা উন্নয়ন পার্টির" পূর্বস্থলী উত্তর বিধানসভা কেন্দ্রের প্রার্থী বাবান ঘোষ। এদিন সকাল সাড়ে ১১টা নাগাদ কালনার তালবোনা এলাকা থেকে শতাধিক কর্মী সমর্থকদের সঙ্গে নিয়ে বাঁশি বাজিয়ে ঢাক বাজিয়ে বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে মহকুমা শাসকের নির্বাচনী দপ্তরের গিয়ে মনোনয়নপত্র জমা দিলেন। প্রার্থী বাবান ঘোষের সঙ্গে ছিলেন কার্যকারী ব্লক সভাপতি আপছদ্দিন মল্লিক , অঞ্চল সভাপতি দিলদার শেখ, ওয়াবুল খান, মসবুত শেখ সহ অন্যান্য নেতা নেত্রীরা । মনোনয়নপত্র জমা দেওয়ার পর সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে বাবান ঘোষ জানান , তিনি আত্মবিশ্বাসী "পূর্বস্থলী উত্তর বিধানসভা কেন্দ্রে জয়ের বিষয়ে । তিনি আরও বলেন , এদিন কর্মী সমর্থক থেকে সাধারণ মানুষ যেভাবে তাকে সমর্থন জানিয়েছে তা থেকেই বোঝা যায় "বাঁশি " বাজবে জোরে জোরে ,সেটা জনগণই ভোটের দিন বাজিয়ে বুঝিয়ে দেবে ।

হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।

**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন

"**এই যুগ**" অফিসে।

ফোন নং: **9062867921** ।



# মহিলা পরিচালিত বুথ কেন্দ্র ৪৯ টি




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ এপ্রিল :** আলিপুরদুয়ার দুই নম্বর ব্লকে ৪৯ টি মহিলা পরিচালিত বুথ পরিদর্শনের পাশাপাশি রিপিয়ার করা শুরু করলেন নির্বাচন দপ্তরের পক্ষে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসন। মহিলা পরিচালিত বুথ গুলি অন্যান্য বুথের চেয়ে অনেকটাই অন্যরকম হবে। প্রশাসনিক সূত্রে জানা গেছে প্রতি নির্বাচনী মহিলা পরিচালিত বুথের সংখ্যা বাড়ছে আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকে। উল্লেখ্য ২০৬ টি বুথের মধ্যে ঊনপঞ্চাশটি বুথ মহিলা পরিচালিত হবে।

# চোরাই বালি পাথর উত্তোলন চলছে নদী থেকে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ এপ্রিল :** ট্রাক্টর চালকদের দৌরাত্ম্য দিনের পর দিন বেড়েই চলেছে। কুমারগ্রাম ব্লকের টিয়ামারি ঘাট থেকে অবৈধভাবে বালি পাথর বোঝাই করে ট্রাক্টর চালকরা শামুকতলা থানার তুরতুরি হাতিপোতা ময়নাবাড়ী এলাকায় ব্যবসা করছেন রমরমা ভাবে। শামুকতলা থানা এলাকার তুরতুরি কোহিনুর পানবাড়ি ডাংগি থেকে শুরু করে শামুকতলা এলাকায় প্রতিনিয়তই অবৈধভাবে ট্রাক্টর চালানোর সংখ্যা বাড়ছে ভোটের প্রাক্কালে। ডান কিংবা বাম কিংবা বিরোধী সব দলের সমর্থক রা এই ব্যবসার সঙ্গে যুক্ত রয়েছেন। বিশেষ করে নির্বাচনের কাজে টাকা খরচ করার জন্য রমরমা ব্যবসা চলছে চোরাই বালি পাথরের এই এলাকাগুলিতে। মাঝেমধ্যেই ডাম্পার দেখা যাচ্ছে রাতের অন্ধকারে চলাফেরা করতে চোরাই বালি পাথর নিয়ে। বিধানসভা ভোটের প্রাক্কালে ব্যবসা রমরমা চলছে চোরাই বালি পাথর ব্যবসায়ীদের।

# আলিপুরদুয়ারের নাম বদল নিয়ে চরম উত্তেজনা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ এপ্রিল :** বিজেপির জাতীয় সভাপতি নিতিন নবীনের একটি মন্তব্যকে ঘিরে আলিপুরদুয়ার নাম পরিবর্তনের জল্পনা তীব্র হয়েছে। তৃণমূল কংগ্রেস এই মন্তব্যের তীব্র সমালোচনা করেছে, অন্যদিকে বাসিন্দারাও বৃহস্পতিবার প্রতিবাদ মিছিল বের করেন।বুধবার, সোনাপুরে বিজেপি প্রার্থী পরিতোষ দাসের সমর্থনে এক জনসভায় ভাষণ দেন নিতিন নবীন। বক্তব্য রাখার সময় তিনি স্থানটির নাম জানতে চান স্থানীয় নেতাদের কাছে। এরপর তিনি বলেন, “আলিপুরদুয়ার” নামটি উন্নয়নের পরিবর্তে “ধ্বংস ডেকে এনেছে” এবং উন্নয়নের জন্য নাম পরিবর্তনের প্রস্তাব দেন।এই মন্তব্য ঘিরে বাসিন্দা ও রাজনৈতিক মহলে তীব্র প্রতিক্রিয়া দেখা যায়। প্রতিবাদ জানিয়ে স্থানীয়রা একটি মিছিল বের করেন ।

# গ্যাস সিলিন্ডার নিয়ে দুর্ভোগ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ এপ্রিল :** ৪৫ দিনের আগে রান্নার গ্যাস বুকিং করা যাচ্ছে না আর এর ফলেই বিপাকে পড়েছেন গৃহবধুরা। অন্যদিকে পর্যাপ্ত পরিমাণে ব্যবসায়িক গ্যাস এর জোগান নেই তাই জ্বালানি কাঠকে ভরসা করেই শামুক তলায় চলছে ব্যবসায়ীদের ব্যবসা। বিশেষ করে ব্যবসায়িক গ্যাসের দাম বেড়ে গেছে ২০০ টাকা সিলিন্ডার প্রতি তাছাড়া সঠিকভাবে সরবরাহ নেই যার ফলে জ্বালানি কাঠকেই ভরসা করছেন শামুকতলার ব্যবসায়ী মহল।

# হাতির হানা লাগাতার চলছে মহাকালগুড়িতে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ এপ্রিল :** আলিপুরদুয়ার দুই ব্লকের মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের চৌকিরবস গ্রামে বুনো হাতি হানা দিয়ে সুপারি চাষে ক্ষতি করল। বুধবার রাতে দুটি বনো হাতি ওই গ্রামে ঢুকে অন্তত ২৫ টি সুপারি গাছ ভেঙে নষ্ট করে। এছাড়া এক বাসিন্দার বাড়িতে ঢুকে কলাগাছ খেয়ে নেয়। বাসিন্দারা বুনো হাতির হানা ঠেকাতে গ্রামের চারপাশে ব্যাটারি চালিত বিদ্যুতের তারের বেড়া দেওয়ার দাবি তুলেছেন।

# আরজি কর মামলায় CBI কে নয়া নির্দেশ কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৯ এপ্রিল :** আরজি কর মামলায় সিবিআই কে নয়া নির্দেশ দিল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। বৃহস্পতিবার আরজি কর মামলার শুনানিতে আদালতের নির্দেশ , এই মামলায় সাজাপ্রাপ্ত ও সন্দেহভাজনদের দরকার হলে নতুন করে জিজ্ঞাসাবাদ সিবিআই করতে পারবে । এতে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করতে পারে সিবিআই।এদিনের আদালতের নির্দেশে বলাই বাহুল্য , আগামীদিনে আরজি কর মামলায় আরও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে চলেছে কেন্দ্রীয় এজেন্সি সিবিআইএ । এই মামলার পরবর্তী শুনানি ১২ মে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |